ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৩৭৫
মোহনপুর, ১৪ আগস্ট, ২০২৫

**মোহনপুরে ক্রসকান্ট্রি দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত**

৭৯তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষ্যে আজ মোহনপুর মহকুমা প্রশাসন এবং মোহনপুর যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের যৌথ উদ্যোগে অনুষ্ঠিত হয় পুরুষ ও মহিলা বিভাগে ক্রসকান্ট্রি দৌড় প্রতিযোগিতা। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত, ইয়থ প্রোগ্রাম অফিসার জ্যোতি দাস প্রমুখ। ছেলেদের বিভাগে দৌড় প্রতিযোগিতা শুরু হয় ইকফাই ইউনিভারসিটি থেকে এবং মহিলাদের বিভাগে দৌড় প্রতিযোগিতা শুরু হয় মোহনপুর মহকুমা শাসক কার্যালয় থেকে। উভয় বিভাগে দৌড় শেষ হয় মোহনপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে। প্রতিযোগিতায় উভয় বিভাগে প্রথম স্থানাধিকারীদের পুরস্কার হিসাবে বাইসাইকেল প্রদান করা হয়। এছাড়াও প্রথম ১০ জনকে আর্থিক পুরস্কার দেওয়া হয়। এছাড়াও আজ মোহনপুর দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের বিআরসি হলে ৩টি বিভাগে বসে আঁকো প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

******